

**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নধীন সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়ন কমিটি  
(পিআইসি)'র সভার কার্যবিবরণী (কার্যারম্ভ সভা)।**

সক্ষমতা উপ-প্রকল্পের শিরোনাম ও নম্বর : প্রান্তিক নারী উদ্যোক্তা তৈরীর জন্য ব্লক,বাটিক ও হ্যান্ড প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ।

নম্বর - CD-২০১৯-২০-৩০৫৯৪৪-০৬




সভা নং -০১

স্থান : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ এর অফিস কক্ষ।

তারিখ : ২৩/০৮/২০২২ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ টা।

সদস্যবৃন্দের তালিকা :-

ক্রমিক নম্বর	কমিটির সদস্যদের নাম	পদবী	উপস্থিত সদস্যদের স্বাক্ষর
৮.	জনাব রিনা ইসলাম মহিলা-ভাইস চেয়ারম্যান	সভাপতি	
৯.	জনাব মোঃ আশরাফ হোসেন, চেয়ারম্যান, মেদিনীমন্ডল ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ	সদস্য	
১০.	জনাব মোঃ বিদ্যুৎ মোড়ল চেয়ারম্যান, কনকসার ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ	"	
১১.	জনাব মোঃ ফারুক ইকবাল মুখা চেয়ারম্যান, বেজগাঁও ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ	"	
১২.	জনাব লুৎফর রহমান তালুকদার চেয়ারম্যান, কুমারভোগ ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ	"	
১৩.	জনাব হাজী মোঃ মোজাম্মেল হক চেয়ারম্যান, হলদিয়া ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ	"	
১৪.	জনাব আরাধনা রানী কর্মকার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লৌহজং, মুন্সীগঞ্জ	সদস্য সচিব	 23.08.22

অধ্যকার সভার সভাপতি জনাব রিনা ইসলাম উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সভার কাজ শুরু করার জন্য সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করেন।

ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সভায় অবহিত করেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক " প্রান্তিক নারী উদ্যোক্তা তৈরীর জন্য ব্লক,বাটিক ও হ্যান্ড প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ " শিরোনামে উপ-প্রকল্প প্রস্তাবনা ১,৬১,২১০/- (এক লক্ষ একষট্টি হাজার দুইশত দশ ) টাকার বাজেট অনুমোদিত হয়েছে। তিনি আরও জানান যে, উক্ত উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য গত ২১/০৮/২০২২ খ্রি: তারিখে অত্র প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং উপজেলা পরিষদের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এমতাবস্থায় যত দ্রুত সম্ভব প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন।

খ) উপস্থিত সদস্যগণ উপ-প্রকল্প অনুমোদনের জন্য উপজেলা পরিষদ এবং প্রকল্প কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এরপর কর্মসূচি বাস্তবায়ন কৌশল বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০৫. প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য লৌহজং উপজেলাধীন গাওদিয়া ইউনিয়নের হাড়িদিয়া আশ্রয়ন প্রকল্পের শিক্ষিত বেকার যুবতী ও অসহায় ২০ জন প্রান্তিক নারী উদ্যোক্তা তৈরীর জন্য ব্লক,বাটিক ও হ্যান্ড প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ মহিলদের নির্বাচন, আমন্ত্রণ, প্রশিক্ষণের কোর্স সমন্বয়কারীর দায়িত্ব এবং আয়োজন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে দায়িত্ব দেয়া হয়।
  ০৬. প্রশিক্ষণার্থীদের ভাতা, স্টেশনারী, রিসোর্স পার্সন এর সম্মানী ইত্যাদি ব্যয় পরিশোধের জন্য প্রকল্প তহবিল হতে ১০০% টাকা অগ্রিম প্রদানের জন্য আবেদন জানানো হবে। পিআইসি'র সভাপতিকে অগ্রীম টাকা গ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হয়।
  ০৭. কর্মসূচির প্রতিটি পর্যায়ে প্রকল্পের নীতিমালা অনুসরণ করে সুষ্ঠুভাবে কর্মসূচি সম্পাদনের জন্য পিআইসি'র সকল সদস্য সার্বিক সহযোগিতা প্রদান করবেন।
  ০৮. সকল ধরনের খরচাদির বিল ভাউচার যথাযথভাবে সংরক্ষণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়।
- আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর



(রিনা ইসলাম)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং  
সভাপতি, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি  
লৌহজং, মুন্সীগঞ্জ।